

2024-01

Coding for All: 10 faculties complete Python training

Prothom Alo

<https://ar.iub.edu.bd/handle/11348/1113>

Downloaded from IUB Academic Repository

🏠 / কর্পোরেট কর্নার

প্রকাশ: ০২ জানুয়ারি, ২০২৪ ১৬:২১

আইইউবির মৌলিক পাইথন প্রোগ্রামিং কোর্স সম্পন্ন করলেন ১০ শিক্ষক



অ +

অ -

কালের কণ্ঠ

ই-পেপার



ইনডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি, বাংলাদেশ (আইইউবি)-এর ‘কোডিং ফর অল’ কর্মসূচির আওতায়, মৌলিক পাইথন কম্পিউটার প্রোগ্রামিং-এর কোর্স সফলভাবে সম্পন্ন করেছেন বিশ্ববিদ্যালয়ের কলা ও সামাজিক বিজ্ঞান, ব্যবসা প্রশাসন, গণস্বাস্থ্য ও ফার্মেসি, এবং প্রাণ ও পরিবেশ বিজ্ঞান অনুষদের ১০ জন শিক্ষক। তাদেরকে প্রশিক্ষণ দিয়েছেন আইইউবির কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের তিন শিক্ষক।

গত ২১ ডিসেম্বর ২০২৩ আইইউবির সেন্টার ফর কগনিটিভ স্কিল এনহান্সমেন্ট (সিসিএসই)-এর কম্পিউটার ল্যাবে অংশগ্রহণকারীদের মাঝে

সদন বিতরণ করেন আইইউবিতে ‘কোডিং ফর অল’ ধারণাটির প্রবক্তা উপাচার্য তানভীর হাসান, পিএইচডি। তাঁর সঙ্গে ছিলেন স্কুল অফ বিজনেস অ্যান্ড এন্ট্রাপ্রেনিউরশিপের ডিন অধ্যাপক মেহেরুন আহমেদ, পিএইচডি, এবং স্কুল অফ ইঞ্জিনিয়ারিং, টেকনোলজি অ্যান্ড সায়েন্সেস-এর ডিন অধ্যাপক মামুন বিন ইবনে রিয়াজ, পিএইচডি।

‘অটোমেট ইওর ডে উইথ পাইথন’ শীরোনামের চার সপ্তাহের এই বিশেষ কর্মশালাটি শেষ হয় ৭ ডিসেম্বর ২০২৩। প্রযুক্তি ও প্রকৌশল অনুষদ ছাড়া অন্য অনুষদের শিক্ষকদের মাঝে ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের সক্ষমতা বাড়ানোর উদ্দেশ্যে এই কর্মশালার আয়োজন করা হয়। পাইথনের পাশাপাশি তথ্য সংরক্ষণ এবং মাইক্রোসফট এক্সেল সম্পর্কে ব্যবহারিক প্রশিক্ষণ দেওয়া হয় এই ১০ শিক্ষককে।

আইইউবির ইংলিশ অ্যান্ড মডার্ন ল্যাংগুয়েজেস বিভাগের অধ্যাপক এবং সার্শিন সেন্টার ফল মাল্টিমিডিয়া এন্ড ইন্টারেক্টিভ-এর নির্বাহী পরিচালক মাহমুদ হাসান খান, পিএইচডি, বলেন, কর্মশালায় অংশ নেয়ার পেছনে তাঁর মূল উদ্দেশ্য ছিলো পাইথন ব্যবহার করে কিভাবে ‘বিগ ডাটা’ বিশ্লেষণ করা যায় তা জানা।

তিনি মূলত ভাষাতত্ত্ব নিয়ে গবেষণা করেন। এর অংশ হিসেবে তাঁকে প্রচুর পরিমাণে টেক্সট ডাটা নিয়ে কাজ করতে হয় যেমন সাক্ষাৎকার, ম্যানুস্ক্রিপ্ট, ইত্যাদি। এই কর্মশালায় অংশ নিয়ে তিনি পাইথন ব্যবহার করে কিভাবে সেন্টিমেন্ট অ্যানালিসিস করার যায় সে বিষয়ে মৌলিক ধারণা পেয়েছেন বলে জানান।

উপাচার্য তানভীর হাসান বলেন, “আইইউবির ‘কোডিং ফর অল’ কর্মসূচিটি বাংলাদেশে অনন্য।

এর আওতায় আইইউবির প্রতিটি শিক্ষার্থীর জন্য কম্পিউটার প্রোগ্রামিং শেখা বাধ্যতামূলক করা হয়েছে, তা সে বিষয়েই পড়াশোনা করুক না কেন। দ্রুতগতির তথ্য ও যোগাযোগপ্রযুক্তির এই যুগে চতুর্থ শিল্প বিপ্লবের পূর্ণাঙ্গ সুফল পেতে হলে প্রযুক্তি ব্যবহারে দক্ষ হওয়ার কোনো বিকল্প নেই। শিক্ষার্থীদের পাশাপাশি আমরা শিক্ষকদেরও প্রযুক্তি ব্যবহারের বিষয়ে আগ্রহী করে তোলার চেষ্টা করছি যেন তাঁরা তাদের অ্যাকাডেমিক কর্মকাণ্ডে আরো বেশি প্রযুক্তির ব্যবহার বাড়াতে পারেন।”

আইইউবিতে ‘কোডিং ফর অল’ কর্মসূচির সূচনা হয় ২০২৩ সালের শুরুর দিকে। এর আওতায় বিভিন্ন বিভাগের কয়েক শ শিক্ষার্থীকে ইতিমধ্যেই কম্পিউটার প্রোগ্রামিংয়ের উপর প্রশিক্ষণ দেওয়া হয়েছে।



কালের কণ্ঠের খবর পেতে গুগল নিউজ চ্যানেল ফলো করুন